ঠাকুরগাঁওয়ে বিএনপি অফিসের তালা খুলতে দেয়নি পুলিশ

নিউজবিডি৭১ডটকম
মোঃ রাকিব আল রিয়াদ, ঠাকুরগাঁও করেসপন্ডেন্ট : ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় প্রত্যাখ্যান করে সারাদেশে সাত দিনের কর্মসূচি ঘোষণা করে বিএনপি। এ লক্ষ্যে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের এলাকা ঠাকুরগাঁওয়ে প্রথমদিনের মতো বিক্ষোভ কর্মসূচি করতে চেয়েছিলো জেলা বিএনপি। কিন্তু পুলিশ তাদের অফিসের তালাই খুলতে না দেয়ায় কর্মসূচী পালন করা সম্ভব হয়নি বলে দাবি করেন জেলা বিএনপির সভাপতি তৈমুর রহমান।

আজ বৃহস্পতিবার ঠাকুরগাঁও জেলা বিএনপির আয়োজনে তাদের নিজস্ব কার্যালয়ের সামনে এ কর্মসূচী পালন করার কথা ছিলো। দলীয় কর্মীরা পৌঁছে দেখতে পান তাদের অফিসে তালা মারা। অফিসের সামনে অবস্থান নিয়েছেন পুলিশ সদস্যরা।

জেলা বিএনপির সভাপতি তৈমুর রহমান অভিযোগ করেন, আমরা কেন্দ্রীয় কমিটির নির্দেশ মতে এই কর্মসূচীর জন্য প্রস্তুতি নিয়েছিলাম। কিন্তু পুলিশ সকাল থেকেই আমাদের কার্যালয়ের সামনে দাঁড়িয়ে থাকে। আমাদের লোক গিয়েছিলেন অফিসটি খুলতে কিন্তু পুলিশ তাদেরকে তালাই খুলতে দেয়নি। পুলিশের এমন আচরণে আমরা তীব্র নিন্দা জানাই।

এ বিষয়ে সদর থানার ওসি রওশনায়ারা বলেন, এই রায়কে কেন্দ্র করে আমরা চাই না শহরে কোনো রকমের খারাপ পরিস্থিতি তৈরি হোক। তাই বিএনপিকে কর্মসূচি করতে দেয়া হয়নি। যাতে বিএনপি কোনো রকমের চালাকি না করতে পারে সে জন্য আমরা যথেষ্ট পরিমান পুলিশ ফোর্স নিয়ে তাদের অফিসের সামনে অবস্থান নিয়েছিলাম।

নিউজবিডি৭১/আ/অক্টোবর ১১, ২০১৮